



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা

[www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd)

৪র্থ লটারির মাধ্যমে হস্তান্তর উপযোগী ফ্ল্যাটের আইডি প্রদান সংক্রান্ত  
জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উত্তরা ১৮ নং সেক্টরে উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে 'এ' ব্লকে নির্মিত গ্রস ১৬৫৪ বর্গফুট আয়তনের সকল পর্যায়ে বরাদ্দকৃত ফ্ল্যাট বরাদ্দ প্রাপকদের মধ্যে যারা ইতোমধ্যে ১ম হতে ৪র্থ কিস্তির মূল্য পরিশোধ করে কিস্তি পরিশোধের রশিদ দাখিল করেছেন কিন্তু ফ্ল্যাট আইডি পাননি। তাছাড়া যারা আগামী ০৫ নভেম্বর, ২০২০খ্রিঃ তারিখের মধ্যে ১ম হতে ৪র্থ কিস্তির মূল্য পরিশোধ করে কিস্তি পরিশোধের রশিদ দাখিল করবেন তাদের অনুকূলে ৪র্থ লটারির মাধ্যমে হস্তান্তর উপযোগী ফ্ল্যাটের আইডি প্রদান করার নিমিত্ত আগামী ২২নভেম্বর, ২০২০খ্রিঃ তারিখ সকাল ১১.০০টায় রাজউক অডিটরিয়ামে ফ্ল্যাট বরাদ্দ প্রাপকদের উপস্থিতিতে লটারি অনুষ্ঠিত হবে। লটারির মাধ্যমে হস্তান্তর উপযোগী ফ্ল্যাটের আইডি প্রদানের লক্ষ্যে লটারির জন্য নির্বাচিত (যারা ইতোমধ্যে ১ম হতে ৪র্থ কিস্তির মূল্য পরিশোধ করে কিস্তি পরিশোধের রশিদ দাখিল করেছেন কিন্তু ফ্ল্যাট আইডি পাননি এবং যারা আগামী ০৫ নভেম্বর, ২০২০খ্রিঃ তারিখের মধ্যে ১ম হতে ৪র্থ কিস্তির মূল্য পরিশোধ করে কিস্তি পরিশোধের রশিদ দাখিল করবেন) ফ্ল্যাট বরাদ্দ প্রাপকগণকে উক্ত তারিখ, সময় ও স্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি রাজউকের ওয়েব সাইট [www.rajuk.gov.bd](http://www.rajuk.gov.bd) হতে সংগ্রহ করা যাবে। প্রয়োজনে [uap@rajukdhaka.gov.bd](mailto:uap@rajukdhaka.gov.bd) এ মেইল/হেল্প লাইন-০১৭৩০০১৩৯৪৫ এ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(শামীমা মোমেন)

সচিব (চলতি দায়িত্ব)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।